

এসো এসো প্রাণের উৎসবে,
 দক্ষিণবায়ুর বেগুরবে ॥
 পাখির প্রভাতী গানে এসো এসো পুণ্যস্নানে
 আলোকের অমৃতনির্ঝরে ॥
 এসো এসো তুমি উদাসীন ।
 এসো এসো তুমি দিশাহীন ।
 প্রিয়েরে বরিতে হবে, বরমাল্য আনো তবে—
 দক্ষিণা দক্ষিণ তব করে ॥
 দুঃখ আছে অপেক্ষিয়া দ্বারে—
 বীর, তুমি বক্ষে লহো তারে ।
 পথের কণ্টক দলি এসো চলি, এসো চলি
 ঝটিকার মেঘমন্ডস্বরে ॥

Parjaay: Anushthanik, Taal: Kaharwa, Raag: Kalingara
 Visit www.geetabitan.com for notation and other detail